



## ইরানের উপর ইস'রায়েলের হা'মলার নিন্দা জানিয়ে উত্তর কোরিয়ার বিবৃতি



সংগৃহীত ছবি

সাম্প্রতিক সময়ে ইরানের ওপর ইস'রায়েলের হামলাকে মানবতার বিরুদ্ধে অপরাধ হিসেবে আখ্যায়িত করেছে উত্তর কোরিয়া। দেশটির সরকারি বার্তা সংস্থা কেসিসিএনএ এক প্রতিবেদনে জানিয়েছে, এই হামলা মধ্যপ্রাচ্যে নতুন করে সর্বাঙ্গিক যুদ্ধের আশঙ্কা তৈরি করেছে।

উত্তর কোরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, ইস'রায়েলের এ ধরনের আচরণ ইরানের সার্বভৌমত্বের গুরুতর লঙ্ঘন এবং মানবতার বিরুদ্ধে অপরাধ।

এতে আরও বলা হয়, বিশ্ব আজ যে গুরুতর পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে, তা স্পষ্ট করে যে মার্কিন যুক্তরাষ্ট্র ও পশ্চিমা শক্তিগুলোর পৃষ্ঠপোষকতায় ইস'রায়েল মধ্যপ্রাচ্যের জন্য ক্যান্সারের মতো এক সত্তা এবং বৈশ্বিক শান্তি ও নিরাপত্তার প্রধান হুমকি।

গত ১৩ জুন ইস'রায়েল ইরানের রাজধানী তেহরান সহ পারমাণবিক স্থাপনা লক্ষ্য করে ব্যাপক বিমান হামলা চালায়। এতে বেশ কয়েকটি সামরিক ও পারমাণবিক স্থাপনায় ক্ষয়ক্ষতি হয় এবং ইরানের একাধিক শীর্ষ সামরিক কর্মকর্তা ও পরমাণু বিজ্ঞানী নিহত হন। এর পালাটা জবাবে ইরান ড্রোন ও ক্ষেপণাস্ত্র ছুড়ে ইস'রায়েলের বিভিন্ন স্থানে হামলা চালায়। এখনো দুদেশের মধ্যে চলমান উত্তেজনা চলছে।

# LENS ASIA